



## পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

পল্লীর রথে, প্রগতির পথে

প্রধান কার্যালয়

বাড়ি-৫, এভিনিউ-৩, কমার্স কলেজ রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬

www.pdbf.gov.bd



PDBF

স্মারক নং-৪৭.৬৬.০০০০.০১২.২৩.১৭৯.১৮-১১৮৯

তারিখ: ০৩ চৈত্র, ১৪২৯ ব:  
১৭ মার্চ, ২০২৩ খ্রি.

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মতিথি উদযাপন উপলক্ষ্যে পিডিবিএফ-এ 'সেবা তরঙ্গ' কর্মসূচি পালন প্রসঙ্গে

১৭ মার্চ, ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪তম জন্মতিথি উদযাপন উপলক্ষ্যে পিডিবিএফ-এর ঋণ ও সঞ্চয় পরিকল্পনা সম্পর্কে ব্যাপক প্রচারণা, নতুন সদস্যভুক্তির মাধ্যমে সংহতি দল গঠন, সামাজিক উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের আয়োজন, গণ শুনানী, উঠান বৈঠক, ইত্যাদি পরিসেবামূলক কার্যক্রম গ্রহণের জন্য পিডিবিএফ-এ ১৭ মার্চ থেকে ১৬ এপ্রিল, ২০২৩ পর্যন্ত মাসব্যাপী একটি নতুন সেবা কর্মসূচি 'সেবা তরঙ্গ' পালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৪তম জন্মতিথি উদযাপনের প্রাক-ক্ষণে ১৪ মার্চ, ২০২৩ তারিখ পিডিবিএফ, প্রধান কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ 'সেবা তরঙ্গ' কর্মসূচির শুভ উদ্বোধন ঘোষণা করেছেন।

মাসব্যাপী 'সেবা তরঙ্গ' কর্মসূচি পালনকালে সকল উপজেলা/অণুশাখা কার্যালয়ে নিম্নবর্ণিত কার্যক্রম গৃহীত হবে:

- নতুন সদস্য ভর্তির মাধ্যমে সংহতি দল গঠন এবং ঋণ ও সঞ্চয় পরিসেবার মাধ্যমে সদস্যদের আর্থিক অন্তর্ভুক্তি (প্রত্যেক উপজেলা/অণুশাখা কার্যালয়ে এফওপ্রতি ন্যূনপক্ষে ২ (দুই) টি করে দল);
- ঋণ বিতরণ (এফও প্রতি ১০.০০ লক্ষ টাকা এবং এসও প্রতি ১৫.০০ লক্ষ টাকা)
- ক্ষুদ্র, নারী উদ্যোক্তা, ক্ষুদ্র উদ্যোক্তা এবং কোভিড-১৯ প্রণোদনা ঋণ কার্যক্রমের অনাদায়ী কিস্তি এবং মেয়াদ খেলাপী আদায় করে অনাদায়ী/খেলাপী সদস্য ত্রাস (প্রত্যেক উপজেলা/অণুশাখা কার্যালয়ে এফও/এসও প্রতি কমপক্ষে ১০ জন করে);
- সদস্যদের পাশবহি তাৎক্ষণিকভাবে মিলকরণ ও হিসাবভুক্তি;
- উঠান বৈঠক, গণ শুনানীর মাধ্যমে পিডিবিএফ-এর ঋণ, সঞ্চয় পরিসেবা ব্যাপক প্রচার ও প্রসারের ব্যবস্থা গ্রহণ;
- সংশ্লিষ্ট উপজেলা/অণুশাখা কার্যালয়ের সদস্য/উদ্যোক্তাদের উদ্ভাবনী কর্মকান্ড ও সফলতার কাহিনী উপস্থাপনের মাধ্যমে অন্যদের উদ্বুদ্ধকরণ;
- সামাজিক উন্নয়ন ও আয়-উৎসারী প্রশিক্ষণের আয়োজন।

উপরিবর্ণিত সেবা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাঠ সংগঠকগণসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীগণ আন্তরিক উদ্যোগ গ্রহণ করবেন। সংশ্লিষ্ট উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা তাঁর অধীনস্থ সহকর্মীদের সার্বিক সহায়তা ও পরামর্শ প্রদান করবেন। সংশ্লিষ্ট উপপরিচালকবর্গ সার্বিক কার্যক্রম মনিটরিং ও তদারকির মাধ্যমে উপজেলা/অণুশাখা কার্যালয় থেকে প্রাপ্ত প্রতিবেদন সমন্বিত করে আগামী ২০ এপ্রিল, ২০২৩ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের মাঠ পরিচালন বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

'সেবা তরঙ্গ' এর বর্ণিত কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৪তম জন্মতিথি যথাযোগ্য মর্যদায় উদযাপনের জন্য সকল সহকর্মীকে উদাত আহবান জানানো হ'ল।

  
১৭.০৩.২৩

(মুহম্মদ মউদুদউর রশীদ সফদার)

ব্যবস্থাপনা পরিচালক

উপপরিচালক (সকল)

সিনিয়র/উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা (সকল)

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন।

স্মারক নং-৪৭.৬৬.০০০০.০১২.২৩.১৭৯.১৮-১১৮৯

তারিখ: ০৩ চৈত্র, ১৪২৯ ব:  
১৭ মার্চ, ২০২৩ খ্রি.

সদয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. বিভাগীয় প্রধান (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
২. যুগ্ম পরিচালক/কর্মসূচি পিচালক (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. উপ-পরিচালক/ সিনিয়র সহকারী পরিচালক, সকল অডিট অঞ্চল।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এক্সিকিউটিভ সেক্রেটারী, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।

  
১৭.০৩.২৩

(মো: সহিদ হোসেন সেলিম)

ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান

মাঠ পরিচালন বিভাগ